# AKASHVANI(Kolkata)
## Regional News Unit

**Date: 22/12/2025** **Time: 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

২/ মহম্মদ ইউনুসের নেতৃত্বাধীন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের কড়া সমালোচনা করেছেন সে দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

৩/ দিল্লি-মুম্বাইগামী বিমানে যান্ত্রিক ত্রুটির ঘটনায় অসামরিক বিমান পরিবহন মন্ত্রক এয়ার ইন্ডিয়ার কাছ থেকে বিস্তারিত রিপোর্ট চেয়েছে।

৪/ জাতীয় মহিলা কমিশন, NCW ‘শক্তি স্কলারস’ নামে একটি যুব গবেষণা ফেলোশিপ প্রোগ্রাম চালু করেছে।

৫/ আরাবল্লী অঞ্চলের ৯০ শতাংশেরও বেশি এলাকা সুরক্ষিত থাকায় বাস্তুতন্ত্রের ওপর এখনই কোন প্রভাব পড়বে না বলে জানিয়েছে, কেন্দ্রীয় সরকার ।

*************************************************************

ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন আজ এই চুক্তির কথা ঘোষণা করেছেন। নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রীর সঙ্গে আজ ফোনে কথা বলেছেন শ্রী মোদী। দুই দেশের তরফে এই বাণিজ্য চুক্তিকে উচ্চাকাঙ্খী এবং পারস্পরিক লাভজনক বলে ব্যাখ্যা করা হয়েছে।
চলতি বছরের মার্চ মাসে ভারত সফরে এসেছিলেন নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী। তখন থেকে দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা শুরু হয়। মাত্র ন'মাসের মধ্যে এই চুক্তি সম্পন্ন হওয়ায় দুই দেশের নেতৃত্ব পরস্পরের প্রসংশা করেছেন।
এই চুক্তির ফলে ভারত-নিউজিল্যান্ড দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ক আরও দৃঢ় হবে বলে মনে করা হচ্ছে। বাড়বে ব্যবসার পরিসর, বিনিয়োগ ও পারস্পরিক সহযোগিতা। দুই দেশের কৃষক, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যগী, বিনিয়োগকারী ও তরুণ প্রজন্ম এই চুক্তির ফলে উপকৃত হবেন।
ভারত-নিউজিল্যান্ড দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ আগামী পাঁচ বছরে দ্বিগুণ হবে বলে আশা প্রকাশ করেছেন দুই দেশের প্রধানমন্ত্রী।

*************************************************************

ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষরিত হওয়ায় আগামী পাঁচ বছরে দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ দ্বিগুণ হবে বলে আশা প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, এই চুক্তির ফলে ভারত-নিউজিল্যান্ড সম্পর্ক নয়া উচ্চতায় পৌঁছেছে। ক্রীড়া, শিক্ষা ও সংস্কৃতিক ক্ষেত্রে দুই দেশের সম্পর্ক আরও মজবুত হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। অন্যদিকে, নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন দুই দেশের মধ্যে এই চুক্তিকে ঐতিহাসিক বলেছেন। এই চুক্তি নিউজিল্যান্ডের কৃষক, ব্যবসায়ীদের জন্য নয়া দিগন্ত খুলে দেবে বলেও তিনি জানিয়েছেন।

*****************************************************************

ভারত-নিউজিল্যান্ড মুক্ত বাণিজ্য চুক্তি ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারতের আর্থিক গতিবিধি আরও বৃদ্ধি করবে বলে জানিয়েছেন কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী পিযূষ গোয়েল। আজ নতুন দিল্লিতে তিনি বলেন, দেশের সবপ্রান্তের কৃষক, শিল্পোদ্যোগী, মহিলা-পড়ুয়াদের জন্য নতুন সুযোগ তৈরি করবে এই চুক্তি। এর ফলে দেশের পর্যটন শিল্প, ব্যবসা, উন্নয়ন, গবেষণা ও শিক্ষাক্ষেত্র, পরিষেবা শিল্প উপকৃত হবে বলেও তিনি জানান। তাঁর দাবি, আন্তর্জাতিক ভূ-রাজনীতিতে ভারতের ক্ষমতা বৃদ্ধির প্রতিফলন এই চুক্তি।

( বাইট- পীযূষ )

*****************************************************************

মহম্মদ ইউনুসের নেতৃত্বাধীন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের কড়া সমালোচনা করেছেন সে দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইউনুস সরকার কট্টরপন্থীদের মদত দিয়ে ভারত বিরোধিতার জিগির তুলছে ও গণতান্ত্রিক কাঠামো নষ্ট করছে বলেও তিনি অভিযোগ করেছেন। পরিকল্পনা করে বাংলাদেশে অশান্তি সৃষ্টি করা হচ্ছে বলেও হাসিনা অভিযোগ করেছেন। ভারতকে বাংলাদেশের বহু পুরনো বন্ধু বলেও উল্লেখ করেছেন তিনি। বাংলাদেশের আসন্ন নির্বাচনকে কোনও রাজার রাজ্যাভিষেকের সঙ্গেও তুলনা করেছেন শেখ হাসিনা। সংবাদসংস্থাকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, আওয়ামি লিগের অংশগ্রহণ ছাড়া এই নির্বাচন রাজ্যাভিষেকের মতো।

আগামী ফেব্রুয়ারি মাসে বাংলাদেশে জাতীয় নির্বাচন। দেশে নিষিদ্ধ ঘোষিত হওয়ায় এই নির্বাচনে অংশ নিতে পারছে না শেখ হাসিনার আওয়ামি লিগ। সেই প্রসঙ্গ তুলে হাসিনা বলেছেন, মহম্মদ ইউনুস সরকার বাংলাদেশের জনগণের একটিও ভোট পায়নি, অথচ জনমতের ভিত্তিতে ৯ বার জিতে আসা আওয়ামি লিগকে তারা নিষিদ্ধ ঘোষণা করছে। হাসিনা দাবি করেছেন, পছন্দের দলকে ভোট দেওয়ার সুযোগ না পেলে বাংলাদেশের মানুষ ভোট বয়কট করেন, অতীতে এই নজির রয়েছে।

বর্তমান সময়ে দেশকে ঐক্যবদ্ধ করতে যখন একটি বিশ্বাসযোগ্য প্রক্রিয়ার প্রয়োজন তখন এই ধরনের বিচ্ছিন্নতা কাম্য নয় বলেও তিনি জানিয়েছেন।

*****************************************************************

দিল্লি-মুম্বাইগামী বিমান উড়ানে যান্ত্রিক ত্রুটি দেখা দেওয়ার ঘটনায় অসামরিক বিমান পরিবহন মন্ত্রক এয়ার ইন্ডিয়ার কাছ থেকে বিস্তারিত রিপোর্ট চেয়েছে। মন্ত্রকের তরফ থেকে অসামরিক বিমান পরিবহন দপ্তরের মহা

নির্দেশককে এই ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত করার নির্দেশ দিয়েছে। ওই বিমানের যাত্রীদের সকল সহায়তা প্রদান এবং পরবর্তী ফ্লাইটগুলিতে তাদের আসনের ব্যবস্থা করার জন্যও মন্ত্রকের তরফে বিমান সংস্থাকে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য জরুরী অবতরণের পর বিমানের সকল কর্মী ও যাত্রীদের নিরাপদে নামিয়ে আনার পাশাপাশি যাত্রীদের জন্য বিকল্প বিমানের ব্যবস্থা করেছে এয়ার ইন্ডিয়া।

*************************************************************************

দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড়ানের কয়েক মিনিটের মধ্যে টেকনিক্যাল সমস্যার কারণে আজ সকালে মুম্বইগামী এয়ার ইন্ডিয়ার একটি ফ্লাইট AI-887 জরুরি অবতরতণ করে। বিমানের ইঞ্জিনে গুরুতর ত্রুটি সামনে আসতেই, ইমার্জেন্সি প্রসিডিওর অনুসরণ করে পাইলট তড়িঘড়ি বিমান ঘুরিয়ে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে ফিরিয়ে আনেন। বিমানটি (বোয়িং ৭৭৭) দিল্লিতে নিরাপদে অবতরণ করলে তা থেকে সুরক্ষিতভাবেই যাত্রীদের বিমান থেকে বের করে আনা হয়।

এয়ার ইন্ডিয়ার তরফে ওই বিমানের যাত্রীদের জন্য আরেকটি B777 বিমানের ব্যবস্থা করার পাশাপাশি তাদের জন্য জলখাবারের ব্যবস্থা করা হয়।

*************************************************************************

ঘন কুয়াশার কারণে আজ দিল্লি ও জাতীয় রাজধানী সংলগ্ন অঞ্চলে বিমান এবং ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। দিল্লি বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে যে, ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে দৃশ্যমানতা কম থাকার কারণে প্রায় ১০টি বিমান বাতিল করা হয়েছে। পাশাপাশি ভারতীয় রেলের দিল্লি বিভাগ জানিয়েছে যে , আজ দিল্লিগামী বেশ কয়েকটি ট্রেন চলাচলও কুয়াশার কারণে ব্যহত হয়েছে।

উল্লেখ্য প্রায় ১৭টি ট্রেন ৩ ঘন্টারও বেশি দেরিতে চলছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*************************************************************************

জাতীয় মহিলা কমিশন, NCW ‘শক্তি স্কলারস’ নামে একটি যুব গবেষণা ফেলোশিপ প্রোগ্রাম চালু করেছে। দেশজুড়ে নারীদের প্রভাবিত করে এমন বিষয়গুলিতে নীতি-ভিত্তিক গবেষণা করার জন্য ২১ থেকে ৩০ বছর বয়সী শিক্ষার্থী এবং গবেষকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে স্নাতক ডিগ্রিধারী যেকোন ব্যক্তি এই ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন।জাতীয় মহিলা কমিশন জানিয়েছে, নির্বাচিত প্রার্থীদের ছয় মাসের গবেষণা অধ্যয়নের জন্য এক লক্ষ টাকা গবেষণা অনুদান দেওয়া হবে। শিক্ষার্থীরা এই মাসের ৩১ তারিখ পর্যন্ত তাদের আবেদন জমা দিতে পারবেন।
উল্লেখ্য, নারীর সুরক্ষা এবং মর্যাদা, লিঙ্গ-ভিত্তিক হিংস্রতা, আইনি অধিকার এবং ন্যায়বিচারের সুযোগ সুবিধা, সাইবার সুরক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি, অর্থনৈতিক ক্ষমতায়ন এবং শ্রমকার্যে অংশগ্রহণের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে বহু-বিষয়ক গবেষণাকে উৎসাহিত করাই এই ফেলোশিপের লক্ষ্য বলে জানিয়েছে মহিলা কমিশন।

**********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সংসদের শীতকালীন অধিবেশনে পাশ হওয়া পরমাণু সংক্রান্ত শান্তি বিল এর সম্মতি দিয়েছেন। ভারতের শক্তির যোগানকে সুনিশ্চিত করতে, এই SHANTI বিল একটি গুরুত্বপূর্ণ আইনি পদক্ষেপ হিসেবে সামনে এসেছে। এই বিলের মাধ্যমে পারমাণবিক শক্তি ক্ষেত্রকে আধুনিক, সুসংগঠিত ও ভবিষ্যৎমুখী করে তোলার লক্ষ্য নেওয়া হয়েছে। পারমাণবিক উন্নয়নের বিভিন্ন দিককে এক সমন্বিত কাঠামোর মধ্যে এনে, এই আইন ভারতের দীর্ঘমেয়াদী পরিকল্পনাকে আরও স্থিতিশীল ও সুস্থায়ী করে তুলবে।

এই বিল আইনে পরিণত হয়ে নাগরিক পরমাণু ক্ষেত্রে দুটি আইন বাতিল করেছে। এর মধ্যে রয়েছে ১৯৬২ সালের পরমাণু শক্তি আইন ও ২০১০ সালের পরমাণু বিষয়ক ক্ষতিতে নাগরিকদের ভূমিকা আইন। ভারতের ক্রমবর্ধমান শক্তি চাহিদা, প্রযুক্তিগত উন্নতি এবং দূষণমুক্ত জ্বালানি ব্যবহারের লক্ষ্যমাত্রা বর্তমান আইন কাঠামোর পুনর্মূল্যায়নকে অপরিহার্য করে তুলেছিল। নতুন এই আইনে পরমানু ক্ষেত্রে বেসরকারি উদ্যোগ গুলি অংশ নিতে পারবে।

**********************************************************************

আরাবল্লী পাহাড়ের পরিবেশ নিয়ে বিভ্রান্তিকর তথ্য  ও আতঙ্ক ছড়ানো হচ্ছে বলে সরকার জানিয়েছে।  আরাবল্লী অঞ্চলের পরিবেশের ওপর এখনি কোন বিপদের আশঙ্কা নেই বলেও জানানো হয়েছে ।
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, অরণ্যের  বিস্তৃতি, পরিবেশ সংবেদনশীল অঞ্চল ঘোষণা ও খনন কাজের ওপর  কঠোর নজরদারির মাধ্যমে পাহাড়গুলিকে  সুরক্ষিত রাখা হচ্ছে।
সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী, আরাবল্লী পাহাড়ের ১০০ মিটার বা তার বেশি উচ্চতার ভূমি ও আশপাশের ঢাল, সম্পূর্ণ সুরক্ষিত রয়েছে । কেন্দ্রীয় পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব এক সংবাদ সম্মেলনে জানান, সুপ্রিম কোর্টের ১০০ মিটার সংক্রান্ত  নির্দেশ ভুলভাবে ব্যাখ্যা করা হচ্ছে। তিনি নাগরিকদের আরাবল্লী নিয়ে বিভ্রান্তি ছড়ানো বন্ধ করার

আহ্বান জানান। যাদব বলেন, আরাবল্লীর মোট এলাকা ১ লাখ ৪৭ হাজার বর্গকিলোমিটার, যার মধ্যে মাত্র ০.১৯ শতাংশ এলাকায় খনন অনুমোদিত। আদালতের নির্দেশ অনুযায়ী আরাবল্লীর ৯০ শতাংশ এলাকা সুরক্ষিত অঞ্চলের অন্তর্ভুক্ত এবং এই নিয়ম কোন ভাবেই শিথিল করা হয়নি। আরাবল্লী রেঞ্জ দিল্লি, হরিয়ানা, রাজস্থান ও গুজরাটে বিস্তৃত। শ্রী যাদব স্পষ্ট করেছেন, দিল্লির আরাবল্লীতে কোনো খনন অনুমোদিত নয়।
প্রসঙ্গত, সুপ্রিম কোর্ট সম্প্রতি পরিবেশ মন্ত্রকের একটি কমিটির সুপারিশ গ্রহণ করেছে, যেখানে বলা হয়েছে ১০০ মিটারের নিচু পাহাড় আর প্রাচীন আরাবল্লীর অংশ হিসেবে গণ্য হবে না।

*******************************************************************

থাইল্যান্ড এবং কম্বোডিয়ার মধ্যে সীমান্ত সংঘর্ষের অবসান ঘটাতে আজ মালয়েশিয়ায় বৈঠকে বসছেন দক্ষিণ-পূর্ব এশিয়ার শীর্ষ কূটনীতিকরা। গত ৮ ডিসেম্বর ফের সীমান্ত সংঘর্ষে জড়িয়ে পড়ে থাইল্যান্ড এবং কম্বোডিয়া। সেই সীমান্ত সংঘর্ষ বন্ধ করতেই এই বৈঠকের আয়োজন করা হয়। দুই দেশের কর্মকর্তাদের মধ্যে এটিই প্রথম বৈঠক। বৈঠকে মালয়েশিয়ার বিদেশ মন্ত্রী, উভয় পক্ষ এবং অন্যান্য আসিয়ান সদস্যদের বিষয়টিতে সর্বাধিক জরুরি মনোযোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, দুই দেশের সীমান্ত সংঘর্ষে ইতিমধ্যেই ৪১ জন নিহত এবং প্রায় দশ লক্ষ জনগণ দেশছাড়া হয়েছে। দুই দেশের মধ্যে থাকা একটি পাহাড়ের চূড়ায় অবস্থিত প্রিয়া বিহার মন্দির নিয়ে দুই দেশের মধ্যে দ্বন্দ্ব শুরু হয়। ১৯৬২ সালে আন্তর্জাতিক আদালত কম্বোডিয়াকে মন্দিরটি প্রদান করলেও, আশেপাশের জমিটি বিতর্কিত রয়ে গেছে, যার ফলে কয়েক দশক ধরে বারেবারেই সামরিক সংঘর্ষে জড়িয়ে পড়েছে দুই দেশ।

*******************************************************************